

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৫৩.২০১৭- ১৫১১


তারিখঃ ১৯ জুলাই ২০১৭
০৪ শ্রাবণ ১৪২৪

বিষয় : রীট পিটিশন নং-৭০৯০/২০১৭ বাদী জনাব মোঃ গোলাম আশিয়া হারুন, পিতা-মৃত-মোঃ আব্দুল আজিজ, ৭ সি.কে. ঘোস রোড, ময়মনসিংহ টাউন, থানা- কোতয়ালি, জেলা-ময়মনসিংহ -বনাম-সরকার ও অন্যান্য।

ময়মনসিংহ পৌরসভার ১৫/০৫/২০১৭ তারিখের ৮১৭ নং স্মারককে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং-৭০৯০/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত উক্ত স্মারকের কার্যকারিতা ০২ (দুই) মাসের জন্য স্থগিত করত: রুল ইস্যুপূর্বক জবাব দাখিলের জন্য বিবাদীগণকে নির্দেশ দিয়েছেন। মাননীয় আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী ঘটনার বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মাননীয় আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব
ফোন-৯৫৪০১৯৭

মেয়র
ময়মনসিংহ পৌরসভা
ময়মনসিংহ।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

- ১। উপসচিব (পৌর-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ। (দফাওয়ারী জবাব সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অফিস কপি।